গাংনীতে ব্যবসায়ীর ফেলে যাওয়া টাকা ফেরত দিলো পাখিভ্যান চালক

পাখি ভ্যানের উপর ফেলে যাওয়া ৯ লাখ টাকা ফিরে পেলেন গাংনী উপজেলা শহরের কাঁচামালের আড়ৎ ব্যবসায়ী সাহাজুল ইসলাম।

আজ সোমবার (১২ মে) দুপুর ২ টার দিকে টাকার মালিক সাহাজুল ইসলামকে পাখি ভ্যান চালক স্বন্দীপন তার ভ্যানে ফেলে যাওয়া টাকাসহ ব্যাগটি ফিরিয়ে দেন।

এসময় গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওনসহ স্থানীয় ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

পাখিভ্যান চালক স্বন্দীপন গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের খ্রীস্টান সম্প্রদায়ের মনার ছেলে।

গাংনী বাজারের বিশিষ্ট সবজি আড়ত ব্যবসায়ী সাহাজুল ইসলাম জানান, সকালের দিকে গাংনী কাঁচাবাজার এলাকা থেকে স্বন্দীপনের পাখিভ্যানে চড়ে আমার নিজ বাড়িতে আসি। টাকার ব্যাগটি ভ্যানের চালকের সিটের পেছনে হুকের সাথে ঝুলিয়ে রেখেছিলাম। ভ্যান থেকে নেমে যাওয়ার সময় টাকার ব্যাগটি নিতে ভুলে গেছিলাম। পরে ভ্যান চালককে খুঁজছিলাম। এসময় ভ্যান চালক স্বন্দীপন টাকার ব্যাগটি নিয়ে আমাকে খুঁজছিলেন। পরে বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওনের মাধ্যমে আমাকে টাকার ব্যাগটি ফিরিয়ে দেন।

এদিকে ভ্যান চালক স্বন্দীপনের মহত্ব দেখে গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন তার ফেসবুক পেজে লিখেছেন, “আমি আজ সত্যিই গর্বিত যে, স্বন্দিপের মতো মানুষের প্রতিনিধি হতে পেরে”।